গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.gsb.gov.bd

নং-২৮.০৫.০০০০.০০০.১০১.০৪.০০০১.২৬. ২৬৯

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের (জিএসবি) রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের (সকল জেলা) নিকট হতে https://gsb.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন )Online (ব্যতীত অন্য কোনো পদ্ধতিতে/প্রক্রিয়ায় আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| ক্রম. | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা (শিক্ষাগত ও অন্যান্য) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ফটোজিওলজিক টেকনিশিয়ান (গ্রেড-১৪) স্কেল: টাকা-১০২০০-২৪৬৮০/- | ০১ (এক)টি | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা থাকিতে হইবে। |
| ২. | সার্ভেয়ার (গ্রেড-১৪) স্কেল: টাকা-১০২০০-২৪৬৮০/- | ০৩ (তিন)টি | (ক) স্বীকৃত কোনো বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা থাকিতে হইবে। |
| ৩. | পরীক্ষাগার সহকারী (গ্রেড-১৪) স্কেল: টাকা-১০২০০-২৪৬৮০/- | ০১ (এক)টি | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা/পদার্থবিদ্যা বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ৪. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) স্কেল: টাকা-১০২০০-২৪৬৮০/- | ০৬ (ছয়)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) স্কেল: টাকা-৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৬. | কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) স্কেল: টাকা-৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |

চলমান পাতা/২

| | | | |
|---|---|---|---|
| ৭. | যাদুঘর পরিচারক<br>(গ্রেড-১৬)<br>স্কেল: টাকা-৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই)টি | স্বীকৃত কোনো বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮. | ড্রাইভার গ্রেড-২<br>(গ্রেড-১৬)<br>স্কেল: টাকা-৯৩০০-২২৪৯০/- | ০৫<br>(পাঁচ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স:<br>(গ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(ঘ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন; এবং<br>(ঙ) ড্রাইভিং এর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৯. | ড্রিলিং এসিসটেন্ট<br>গ্রেড-২<br>(গ্রেড-১৭)<br>স্কেল: টাকা-৯০০০-২১৮০০/- | ০৬<br>(ছয়)টি | স্বীকৃত কোনো বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ১০. | পরীক্ষাগার পরিচারক<br>(গ্রেড-১৮)<br>স্কেল: টাকা-৮৮০০-২১৩১০/- | ০১<br>(এক)টি | স্বীকৃত কোনো বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>স্কেল: টাকা-৮২৫০-২০০১০/- | ১৫<br>(পনেরো)<br>টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ১২. | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>স্কেল: টাকা-৮২৫০-২০০১০/- | ০৫<br>(পাঁচ)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

১। প্রার্থীর বয়স সীমা সকল ক্ষেত্রে ০১/০৪/২০২৬ তারিখে ১৮-৩২ বছর। তবে ক্রমিক নং-৪, ৫ ও ৬ পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। "বিভাগীয় প্রার্থী" অর্থ এরূপ কর্মচারি যিনি সংশ্লিষ্ট অধিদপ্তরের রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ী ভাবে চাকুরিরত। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ক্রমিক ১-৩, ৭ এবং ৯-১২ নম্বরে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং ক্রমিক ৪-৬ ও ৮ নম্বরে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের (শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ প্রয়োজনীয় সকল সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ) মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, প্রার্থীর সদ্য তোলা দুই কপি রঙ্গিন ছবিসহ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে হালনাগাদ ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানগণ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবী ও নামের সীলসহ) দাখিল করতে হবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। **সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ দেয়া হলো।**

৮। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। সরকারের প্রচলিত বিধি-বিধান, সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও কোটানীতি অনুসরণ করা হবে।

১০। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://gsb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮/০৪/২০২৬ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/০৪/২০২৬ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৮ ক্রমিক নম্বরে উল্লিখিত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০ (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট: ১১২/- (একশত বারো) টাকা এবং ৯-১২ ক্রমিক নম্বরে উল্লিখিত পদের জন্য আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকা সহ (অফেরতযোগ্য) মোট: ৫৬/- (ছাপ্পান্ন) টাকা; তবে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) জন্য সকল ক্রমিক নম্বরের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট: ৫৬/- (ছাপ্পান্ন) টাকা মাত্র Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** GSB<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **GSB ABCDEF**
Reply: Applicant's Name, TK-১১২/৫৬ will be charged as application fee. Your PIN is ১২৩৪৫৬৭৮. To pay fee Type GSB<Space>Yes<space>PIN and send to ১৬২২২.

**দ্বিতীয় SMS:** GSB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **GSB Yes ১২৩৪৫৬৭৮**
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for GSB Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://gsb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **GSB**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to ১৬২২২. Example: **GSB Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **GSB**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to ১৬২২২. Example: **GSB Help PIN ১২৩৪৫৬৭৮**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ওয়েবসাইট www.gsb.gov.bd এ দেখা যাবে। অথবা **QR Code** স্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.gsb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা masumgsb@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: GSB, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর টেলিটক পোর্টালের QR Code

**(মুহাম্মদ মাছুম)**
উপপরিচালক (ভূতত্ত্ব)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচনী কমিটি
ফোন: ০২-৪১০৩৩১৬৬